গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
[কাস্টমস: WCO Affairs শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৬.২৩.০০৫.২৩/১৭৫ তারিখ: ২২ নভেম্বর ২০২৩ খ্রি.।

বিষয়: আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৪ উদযাপন উপলক্ষে World Customs Organization (WCO) Certificate of Merit প্রদানের জন্য কর্মকর্তা/কর্মচারী মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আগামী ২৬ জানুয়ারি ২০২৪ খ্রি. তারিখে বিশ্বব্যাপী আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৪ উদযাপিত হতে যাচ্ছে। বাংলাদেশে দিবসটি উদযাপন উপলক্ষে বিগত সময়ের ধারাবাহিকতায় এ বছরও বাংলাদেশ কাস্টমস এর কর্মকর্তা-কর্মচারী এবং বিভিন্ন অংশীজন/সংস্থা/প্রতিষ্ঠানের অনন্য সাধারণ ভূমিকাকে স্বীকৃতি প্রদানের মাধ্যমে কর্মস্পৃহা ও পেশাদারিত্ব বৃদ্ধি এবং সরকারের উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন অধিকতর গতিশীল করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক WCO Certificate of Merit প্রদান করা হবে।

০২। এ লক্ষ্যে WCO Certificate of Merit উপ-কমিটি দপ্তর প্রধানগণের নিকট হতে সংযুক্ত ফরমে কাস্টমস ও ভ্যাট অনুবিভাগে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের নাম সংবলিত সুপারিশ আহ্বান করা যাচ্ছে। দপ্তর প্রধানগণ নিজ দপ্তরের অনধিক ০৩ (তিন) জন কর্মকর্তার সমন্বয়ে এ সংক্রান্ত একটি বাছাই কমিটি গঠন করে নাম সুপারিশ করবেন। সুপারিশকৃত কর্মকর্তা-কর্মচারীগণের ন্যূনতম নিম্নোক্ত যোগ্যতাসমূহ থাকা আবশ্যক:

(ক) ক্যাডার কর্মকর্তাগণের ক্ষেত্রে বিসিএস (কাস্টমস এ্যান্ড এক্সাইজ) ক্যাডারভুক্ত হওয়া। ক্যাডার এবং নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারীগণের ক্ষেত্রে চাকুরি স্থায়ীসহ বোর্ডের কাস্টমস ও ভ্যাট বিভাগের অধীন দপ্তরসমূহে কমপক্ষে ০২ (দুই) বছরের চাকুরি;

(খ) সরকারি চাকরি আইন ও সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী কোনো অযোগ্যতা না থাকা;

(গ) কোনো বিভাগীয় মামলা, দুর্নীতি মামলা এবং ফৌজদারি মামলা বা উক্তরূপ মামলার আদেশ/রায় এর বিরুদ্ধে আপীল চলমান না থাকা অথবা এরূপ মামলায় শাস্তি শেষ হওয়ার পর ০২ (দুই) বছর অতিক্রান্ত হওয়া।

০৩। এছাড়া, মাঠ পর্যায়ের দপ্তরসমূহ কর্তৃক নাম মনোনয়নের ক্ষেত্রে কর্মকর্তাগণের পেশাদারিত্ব, কাস্টমস সংক্রান্ত কার্যক্রম পরিচালনায় দক্ষতা এবং আমদানি-রপ্তানি বাণিজ্য সহজীকরণে ভূমিকাসহ নিম্নোক্ত বিষয়াদী অনুসরণ করতে হবে:

(ক) ডব্লিউসিও কর্তৃক নির্ধারিত মানদন্ড;

(খ) ডব্লিউসিও কর্তৃক সংশ্লিষ্ট বছরের জন্য নির্ধারিত প্রতিপাদ্য বাস্তবায়নে সহযোগিতা ও অবদান;

(গ) কাস্টমস আইন এবং সংশ্লিষ্ট অন্যান্য আইন ও বিধির প্রয়োগ ও বাস্তবায়নে সহযোগিতা ও অবদান;

(ঘ) কর্মকর্তা-কর্মচারীর যোগ্যতা, দক্ষতা, বুদ্ধিমত্তা, নিষ্ঠা, ত্যাগ, একাগ্রতা, সততা, সাহসিকতা, শুদ্ধাচার ও পেশাদারিত্ব;

(ঙ) কর্মকর্তা-কর্মচারীর চোরাচালান ও রাজস্ব ফাঁকি প্রতিরোধে কৃতিত্বপূর্ণ অবদান;

(চ) আধুনিকায়ন, নীতি প্রণয়ন ও সংস্কারে সহযোগিতা ও অবদান;

(ছ) বাণিজ্য সহজীকরণ ও পদ্ধতি উন্নয়নে সহযোগিতা ও অবদান;

(জ) ইনোভেশন ও সেবাপদ্ধতি সহজীকরণে সহযোগিতা ও অবদান;

(ঝ) জাতীয় রাজস্ব বোর্ডের বিভিন্ন প্রকল্পে (Project) অবদান রাখা;

(ঞ) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সময় সময় গঠিত কমিটিতে সক্রিয় অংশগ্রহণ এবং অবদান; এবং

(ট) অটোমেশনে সহযোগিতা ও অবদান প্রভৃতি।

০৪। এমতাবস্থায়, অনুচ্ছেদ-২ ও ৩ এ বর্ণিত যোগ্যতা ও মানদন্ড অনুযায়ী আপনার দপ্তর হতে অনধিক ০৪ (চার) জন যোগ্য প্রার্থী (০২ জন ক্যাডার ও ০২ জন নন-ক্যাডার কর্মকর্তা) মনোনয়নপূর্বক আগামী **০৭ ডিসেম্বর ২০২৩ খ্রি. তারিখের মধ্যে** আহ্বায়ক, WCO Certificate of Merit উপ-কমিটি বরাবর নিম্নোক্ত দলিলাদিসমূহ **ই-মেইলযোগে** (wcoaffairs.nbr@gmail.com) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক) সংযোজনী অনুযায়ী আবেদনপত্র - MSWord Copy
খ) সংযোজনী অনুযায়ী আবেদনপত্র - Scanned Copy (PDF)
গ) আবেদনপত্রে উল্লিখিত যোগ্যতাসমূহের প্রমাণক - Scanned Copy (PDF)

০৫। বিষয়টি জরুরী হিসেবে বিবেচ্য।

সংযুক্তি: ০৩ (তিন) পাতা (ই-মেইলে প্রেরিত)।

22/11/23

মোহাম্মদ শহীদুল ইসলাম
প্রথম সচিব (কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
ই-মেইল: shahidulcustoms@gmail.com

বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সদস্য (গ্রেড-১), কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. সদস্য, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩. প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও মূসক আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা টাওয়ার, ১০ দিলকুশা বা/এ, ঢাকা।
৪. কমিশনার, কাস্টম হাউস (সকল)।
৫. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট (সকল)।
৬. কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট (সকল)।
৭. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীল কমিশনারেট (সকল)।
৮. কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
৯. কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট-মূসক, ঢাকা।
১০. কমিশনার, কাস্টমস: রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
১১. প্রকল্প পরিচালক, ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প, আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা/বন্ড অটোমেশন প্রকল্প, পায়রা বন্দর ভবন, কাকরাইল, ঢাকা/কাস্টমস: আধুনিকায়ন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প, ঢাকা।
১২. মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ/সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৩. মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্রগ্রাম/নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূসক, ঢাকা/কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
১৪. সিস্টেমস ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা **[পত্রটি সংযুক্তিসহ জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]**।
১৫. প্রথম সচিব, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৬. দ্বিতীয় সচিব, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রথম সচিব (কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

সংযোজনী-ক

ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন সার্টিফিকেট অব মেরিট (WCO Certificate of Merit) এর মনোনয়ন ছক (ব্যক্তিগত)

ক্র. নং	শিরোনাম		বিবরণ
১.	মনোনীত কর্মকর্তার নাম	বাংলা	
		ইংরেজি	
২.	জন্ম তারিখ		
৩.	মনোনীত কর্মকর্তার ই-মেইল আইডি ও মোবাইল নম্বর		ই-মেইল: মোবাইল নম্বর:
৪.	বর্তমান পদবী ও কর্মস্থল		
৫.	কাস্টমস ও ভ্যাট অনুবিভাগে চাকুরির অভিজ্ঞতার বিবরণ (সর্বশেষ থেকে পূর্ববর্তী)		[বর্তমান কর্মস্থলের পূর্ববর্তী ০৩ টি কর্মস্থল ও মেয়াদ উল্লেখ করবে।]
৬.	সর্বশেষ দুটি শিক্ষাগত যোগ্যতার বিবরণ (ডিসিপ্লিন ও শিক্ষা প্রতিষ্ঠানসহ)		(১)
			(২)
৭.	জাতীয় রাজস্ব বোর্ডের অধীনে চাকুরিতে যোগদানের পদ ও তারিখ		
৮.	মনোনয়নের ক্ষেত্রে নীতিমালায় বর্ণিত যে মানদন্ড [নীতিমালার অনুচ্ছেদ ৫(খ)] বিবেচনা করা হয়েছে তা উল্লেখ করুন		[পত্রানুচ্ছেদ ৩ এ উল্লিখিত সর্বোচ্চ ০২ টি মানদন্ড উল্লেখ করবে।]
৯.	নীতিমালা অনুযায়ী যে উদ্যোগ/প্রকল্প/অবদানের জন্য মনোনয়ন প্রদান করা হচ্ছে		[ছকের ক্রম-৮ এ উল্লিখিত মানদন্ড অনুযায়ী গৃহীত উদ্যোগ ও তাঁর ফলাফল উল্লেখ করবে। আবশ্যিকভাবে প্রমাণক সংযুক্ত করবে।]
১০.	বিবেচ্য উদ্যোগ/মনোনীত ব্যক্তি আন্তর্জাতিক কোন সংস্থা কর্তৃক পুরস্কৃত হয়েছে কিনা?		☐ হ্যাঁ (সার্টিফিকেটের কপি সংযুক্ত করবে।) ☐ না
১১.	বিবেচ্য উদ্যোগ/মনোনীত ব্যক্তি ইতোপূর্বে ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন সার্টিফিকেট অব মেরিট পেয়েছেন কিনা?		☐ হ্যাঁ (সার্টিফিকেটের কপি সংযুক্ত করবে।) ☐ না
			মনোনয়ন প্রেরণকারী কর্মকর্তার স্বাক্ষর ও পদবী

সংযোজনী-খ

ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন সার্টিফিকেট অব মেরিট (WCO Certificate of Merit) এর মনোনয়ন ছক (দলগত)

<table>
<tr><td>ক্র. নং</td><td colspan="2">শিরোনাম</td><td colspan="3">বিবরণ</td></tr>
<tr><td rowspan="2">১.</td><td rowspan="2">মনোনীত দলের নাম</td><td>বাংলা</td><td colspan="3"></td></tr>
<tr><td>ইংরেজি</td><td colspan="3"></td></tr>
<tr><td>২.</td><td colspan="2">দল গঠনের তারিখ</td><td colspan="3"></td></tr>
<tr><td>৩.</td><td colspan="2">দলনেতার ই-মেইল আইডি ও মোবাইল নম্বর</td><td colspan="3">ই-মেইল:
মোবাইল নম্বর:</td></tr>
<tr><td>৪.</td><td colspan="2">দলের নিয়ন্ত্রণকারী দপ্তর</td><td colspan="3"></td></tr>
<tr><td rowspan="2">৫.</td><td colspan="2" rowspan="2">দলের সদস্যগণের বিবরণ</td><td>ক্র. নং</td><td>নাম, পদবী ও বর্তমান কর্মস্থল</td><td>দলে অবস্থান</td></tr>
<tr><td></td><td></td><td></td></tr>
<tr><td>৬.</td><td colspan="2">মনোনয়নের ক্ষেত্রে নীতিমালায় বর্ণিত যে মানদন্ড [নীতিমালার অনুচ্ছেদ ৫(খ)] বিবেচনা করা হয়েছে তা উল্লেখ করুন</td><td colspan="3">[পত্রানুচ্ছেদ ৩ এ উল্লিখিত সর্বোচ্চ ০২ টি মানদন্ড উল্লেখ করবে।]</td></tr>
<tr><td>৭.</td><td colspan="2">নীতিমালা অনুযায়ী যে উদ্যোগ/প্রকল্প/অবদানের জন্য মনোনয়ন প্রদান করা হচ্ছে</td><td colspan="3">[ছকের ক্রম-৬ এ উল্লিখিত মানদন্ড অনুযায়ী গৃহীত উদ্যোগ ও তাঁর ফলাফল উল্লেখ করবে। আবশ্যিকভাবে প্রমাণক সংযুক্ত করবে।]</td></tr>
<tr><td>৮.</td><td colspan="2">বিবেচ্য উদ্যোগ/মনোনীত দল আন্তর্জাতিক কোন সংস্থা কর্তৃক পুরস্কৃত হয়েছে কিনা?</td><td colspan="3">☐ হ্যাঁ (সার্টিফিকেটের কপি সংযুক্ত করবে।)
☐ না</td></tr>
<tr><td>৯.</td><td colspan="2">বিবেচ্য উদ্যোগ/মনোনীত দল ইতোপূর্বে ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন সার্টিফিকেট অব মেরিট পেয়েছেন কিনা?</td><td colspan="3">☐ হ্যাঁ (সার্টিফিকেটের কপি সংযুক্ত করবে।)
☐ না</td></tr>
<tr><td colspan="6">মনোনয়ন প্রেরণকারী কর্মকর্তার স্বাক্ষর ও পদবী</td></tr>
</table>

সংযোজনী-গ

ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন সার্টিফিকেট অব মেরিট (WCO Certificate of Merit)-এর মনোনয়ন ছক (প্রতিষ্ঠান)

ক্র. নং	শিরোনাম		বিবরণ
১.	মনোনীত প্রতিষ্ঠানের নাম	বাংলা	
		ইংরেজি	
২.	প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাকাল ও ধরণ		
৩.	প্রতিষ্ঠান-প্রধানের ই-মেইল আইডি ও মোবাইল নম্বর		ই-মেইল: মোবাইল নম্বর:
৪.	কাস্টমস ও ভ্যাট অনুবিভাগের যে দপ্তরের আওতাধীন		
৫.	মনোনয়নের ক্ষেত্রে নীতিমালায় বর্ণিত যে যোগ্যতা [নীতিমালার অনুচ্ছেদ ৬.২] বিবেচনা করা হয়েছে তা উল্লেখ করুন		[পত্রানুচ্ছেদ-২ এ উল্লিখিত সর্বোচ্চ ০২ টি যোগ্যতা উল্লেখ করবে।]
৬.	নীতিমালা অনুযায়ী যে উদ্যোগ/প্রকল্প/অবদানের জন্য মনোনয়ন প্রদান করা হচ্ছে		[ছকের ক্রম-৫ এ উল্লিখিত যোগ্যতা অনুযায়ী গৃহীত উদ্যোগ ও তাঁর ফলাফল উল্লেখ করবে।]
৭.	বিবেচ্য উদ্যোগ/মনোনীত প্রতিষ্ঠান ইতোপূর্বে ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন সার্টিফিকেট অব মেরিট পেয়েছেন কিনা?		☐ হ্যাঁ (সার্টিফিকেটের কপি সংযুক্ত করবে।) ☐ না
			মনোনয়ন প্রেরণকারী কর্মকর্তার স্বাক্ষর ও পদবী